

সক্রিয়তা ভিত্তিক কাজ - ১
তৃতীয় থেকে পঞ্চম শ্রেণীর জন্য

তোমরা ভূত দেখেছো ?

কি বললে..? দেখোনি ? ভয় লাগে..?

আচ্ছা, ভূতেরা যদি দলে দলে এসে নাচ দেখায়..?

নাঃ। একদম ভয় লাগবে না। বরং মজাই পাবে বেশি। সত্যজিৎ রায় এমনই একটা সিনেমা বানিয়েছিলেন, যাতে রোগা-মোটা, বেঁটে-লম্বা, কানা-খোঁড়া..... আরও কত ভূত দলে দলে এসে নাচ দেখিয়েছে। এটাই পৃথিবীর একমাত্র সিনেমা যেখানে ভূতের নাচ আছে।



কি বললে, সিনেমাটার নাম জানো..?

ঠিক ধরেছ, "গুগলি গাইন বাঘা বাইন"। যারা এখনও দেখোনি, তারা শিগগির দেখে ফেল। আর যে ভূতকে তোমার সবচেয়ে ভালো লাগলো, তার মত সেজে নিজের একটা ছবি তুলে পাঠিয়ে দাও আমাদের কাছে। তোমাদের সুবিধার জন্য আমরা সত্যজিতের আঁকা সেই ভূতদের দুটো ছবি দিলাম।



ভূতদের নাচ

ওই সিনেমাতেই এক মজার মানুষ আছে। নাম তার বরফি। সিনেমাটা দেখে বলো তো, কেন তার নাম বরফি? আর তার কাজ কি ছিল বা সে কি করতো? তার পোশাকের পাশাপাশি তার টুপিটাও বেশ মজার। ওইরকম একটা টুপি বানাতে পারো? বানিয়ে নিজেই পরে ফেলো, আর টুপি পরা তোমার ছবি তুলে পাঠিয়ে দাও আমাদের কাছে। চটপট..



এই সেই বরফি

আমাদের কাছে লেখা আর ছবি পাঠানোর ঠিকানা iskulebioscope@gmail.com